

ঢাকা বিশ্ববিদ্যালয় : আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে ১টি স্থায়ী সহযোগী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হইতে প্রাপ্ত্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

বেতন স্কেল : বেতন স্কেল : ৫০,০০০-৫২,০০০-৫৪০৮০-৫৬২৫০-৫৮৫০০-৬০৮৪০-৬৩২৮০-৬৫৮২০-৬৮৪৬০-৭১২০০/-টাকা (নতুন জাতীয় বেতন স্কেল ২০১৫)

শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হইতে হইবে। তাঁহাদের পি-এইচ, ডি, কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে তাঁহাদের কমপক্ষে ৭ (সাত) বৎসরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক প্রবন্ধ থাকিতে হইবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/=(এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমান পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ২২-০৮-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা -১০০০ এর নিকট পৌঁছাতে হইবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।

